# ভর্তি নির্দেশিকা

## GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষা

## শিক্ষাবর্ষ : ২০২১-২০২২

২০২১-২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত ২২টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে একটি মাত্র সমন্বিত ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীরা স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির সুযোগ পাবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে প্রার্থী তার পছন্দ মোতাবেক আবেদন করতে পারবে। নির্ধারিত বিশ্ববিদ্যালয়ের যোগ্যতা অনুসারে প্রার্থী আবেদন করবে। প্রত্যেক শিক্ষার্থী তার এইচএসসি/সমমান পরীক্ষার শাখা (বিজ্ঞান, মানবিক, বাণিজ্য) মোতাবেক একটি মাত্র ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে।

### ১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য আবেদনের যোগ্যতা ও সময়সূচী :

২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের এসএসসি/সমমান এবং ২০২০ ও ২০২১ সালের এইচএসসি/সমমান, ডিপ্লোমা-ইন-কমার্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভোকেশনাল), A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় [সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদনক্রমে] উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে যথাক্রমে ইউনিট-A, ইউনিট-B ও ইউনিট-C-তে আবেদন করতে পারবে। ইউনিট ভিত্তিক আবেদনের যোগ্যতা নিম্নরূপ :

**ইউনিট-A:** বিজ্ঞান শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৮.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখাসহ মাদ্রাসা বোর্ড (বিজ্ঞান) এবং ভোকেশনাল (এইচএসসি) বিজ্ঞান শাখা হিসাবে বিবেচিত হবে।

**ইউনিট-B:** মানবিক শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৬.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক শাখাসহ মিউজিক, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা বোর্ড (সাধারণ, মুজাব্বিদ) মানবিক শাখা হিসাবে বিবেচিত হবে।

**ইউনিট-C:** বাণিজ্য শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৬.৫০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বাণিজ্য শাখাসহ ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, ব্যবসায় ব্যবস্থাপনা (এইচএসসি) এবং ডিপ্লোমা ইন কমার্স বাণিজ্য শাখা হিসাবে বিবেচিত হবে।

জিসিই-এর ক্ষেত্রে আইজিসিএসই (ও লেভেল) পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাস এবং আইএএল (এ লেভেল) পরীক্ষায় কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাস থাকতে হবে। এক্ষেত্রে সরাসরি আবেদনের মাধ্যমে সমমান ও যোগ্যতা নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদনক্রমে অনলাইনে আবেদন করতে হবে। সমমান নির্ধারণের জন্য আবেদনের শেষ তারিখের কমপক্ষে ০২ দিন পূর্বে সরাসরি রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-এ যোগাযোগ করতে হবে।

GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের বিশেষায়িত বিভিন্ন বিভাগে (সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন, থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ, ফিল্ম এন্ড মিডিয়া, ফোকলোর, স্পোর্টস ও আর্কিটেকচার প্রভৃতি) শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে গুচ্ছের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর স্ব স্ব বিশ্ববিদ্যালয় তাদের শর্ত মোতাবেক পৃথক ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করবে। শুধুমাত্র GST গুচ্ছের (A, B ও C ইউনিটের) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উক্ত বিশেষায়িত বিভাগ সমূহে আবেদন করতে পারবে।

| | |
|---|---|
| **আবেদনের সময়সূচী :** | **১৫-০৬-২০২২** তারিখ (বুধবার) দুপুর **১২.০০** টা হতে **২৫-০৬-২০২২** তারিখ (শনিবার) রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত। **আবেদনের সময়সীমা বৃদ্ধি করা হবে না।** |

## ২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য আবেদন পদ্ধতি :

আবেদন করার পদ্ধতি GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (www.gstadmission.ac.bd)-এ পাওয়া যাবে।

## ৩। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলি :

প্রত্যেক শিক্ষার্থীকে নির্ধারিত কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। প্রতিটি ইউনিটে ১ ঘণ্টায় ১০০ নম্বরের MCQ পদ্ধতির পরীক্ষা অনুষ্ঠিত হবে। যে কোন ইউনিট (A/B/C)-এর পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত শর্ত সাপেক্ষে অন্যান্য ইউনিটের সংশ্লিষ্ট বিষয়সমূহে ভর্তির আবেদনের জন্য বিবেচিত হবে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক এইচএসসি পরীক্ষা ২০২১-এর পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুসারে ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও মানবন্টন নিম্নে প্রদত্ত হলো :

| ইউনিট | পরীক্ষার বিষয় ও নম্বর | | | |
|---|---|---|---|---|
| | বিষয় | | নম্বর | মোট নম্বর |
| **ইউনিট-A (বিজ্ঞান শাখা)** [৪টি বিষয়ে ২৫ নম্বর করে মোট ১০০ নম্বরের পরীক্ষা দিতে হবে] | পদার্থবিদ্যা | | ২৫ | ১০০ |
| | রসায়ন | | ২৫ | |
| | গণিত | | ২৫ | |
| | জীববিদ্যা | | ২৫ | |
| | বাংলা | শুধুমাত্র ৪র্থ বিষয় (গণিত বা জীববিদ্যা)-র পরিবর্তে বাংলা অথবা ইংরেজি যে কোনো একটি বিষয়ে পরীক্ষা দিয়ে ৪টি বিষয় পূরণ করতে হবে। | ২৫ | |
| | ইংরেজি | | ২৫ | |
| | বিষয় | | নম্বর | মোট নম্বর |
| **ইউনিট-B (মানবিক শাখা)** | বাংলা | | ৩৫ | ১০০ |
| | ইংরেজি | | ৩৫ | |
| | সাধারণ জ্ঞান - (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে পঠিত পৌরনীতি ও সুশাসন, সমাজবিজ্ঞান, অর্থনীতি, ইতিহাস, যুক্তিবিদ্যা, ভূগোল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত প্রশ্ন থাকবে।) | | ৩০ | |
| | বিষয় | | নম্বর | মোট নম্বর |
| **ইউনিট-C (বাণিজ্য শাখা)** | হিসাব বিজ্ঞান | | ৩৫ | ১০০ |
| | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | | ৩৫ | |
| | বাংলা | | ১৫ | |
| | ইংরেজি | | ১৫ | |

## ৪। ভর্তি পরীক্ষার সময়সূচি :

| সময় / তারিখ | ৩০/০৭/২০২২ (শনিবার) | ১৩/০৮/২০২২ (শনিবার) | ২০/০৮/২০২২ (শনিবার) |
|---|---|---|---|
| দুপুর ১২:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত। | ইউনিট-A (বিজ্ঞান) | ইউনিট-B (মানবিক) | ইউনিট-C (বাণিজ্য) |

## ৫। ভর্তি পরীক্ষার ফল :

প্রতিটি ইউনিটের ফলাফল GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (www.gstadmission.ac.bd)-এ প্রকাশ করা হবে। ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৩০ নম্বর পেতে হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। শুধুমাত্র GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরাই যোগ্যতা থাকা সাপেক্ষে নির্ধারিত বিশ্ববিদ্যালয়ে আবেদন করতে পারবে।

**ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে "GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটি (২০২১-২০২২)"-র সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

## ৬। GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের নাম :

**১.** জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা **২.** ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া **৩.** শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট **৪.** খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা **৫.** হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর **৬.** মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল **৭.** পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী **৮.** নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী **৯.** কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা **১০.** জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ **১১.** যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর **১২.** বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর **১৩.** পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা **১৪.** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ **১৫.** বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল **১৬.** রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি **১৭.** রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, সিরাজগঞ্জ **১৮.** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ, গাজীপুর **১৯.** শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোনা **২০.** বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর **২১.** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ **২২.** চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চাঁদপুর।

## ৭। ভর্তি পরীক্ষার কেন্দ্রসমূহ :

**পরীক্ষা কেন্দ্রের তালিকা থেকে শিক্ষার্থী একটি মাত্র কেন্দ্র পছন্দ করতে পারবে। পছন্দকৃত কেন্দ্র চূড়ান্ত বলে বিবেচিত হবে, তা আর পরিবর্তন করা যাবে না।**

**১.** জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা **২.** ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া **৩.** শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট **৪.** খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা **৫.** হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর **৬.** মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল **৭.** পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী **৮.** নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী **৯.** কুমিল্লা বিশ্বদ্যিালয়, কুমিল্লা **১০.** জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ **১১.** পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা **১২.** বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর **১৩.** যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর **১৪.** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ **১৫.** বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল **১৬.** রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি **১৭.** রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, সিরাজগঞ্জ **১৮.** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ, গাজীপুর **১৯.** বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর।


**প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান**
রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা এবং
সচিব, GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটি (২০২১-২০২২)